

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)

পল্লী ভবন (৬ষ্ঠ তলা)

৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫

www.iresppw-brdb.gov.bd



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩- ৮৭৯

তারিখঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিতে কর্মরত নিম্নবর্ণিত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তাদের নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে বদলী করা হলো :

ক্র.নং	নাম	বর্তমান কর্মস্থল	বদলিকৃত কর্মস্থল
১	জনাব মোঃ শফিকুল ইসলাম	কালিগঞ্জ, সাতক্ষীরা	মঠবাড়িয়া, পিরোজপুর
২	জনাব মোঃ আল মামুন	মঠবাড়িয়া, পিরোজপুর	কালিগঞ্জ, সাতক্ষীরা


২। বর্ণিত কর্মকর্তাগণ কর্তৃক সমিতির সদস্যদের হালনাগাদ ডিটেইল লিস্ট ও সর্বশেষ মাসের ক্যাশ একাউন্টসহ যাবতীয় হিসাব ও রেজিস্ট্রারসমূহ হালনাগাদ করা স্বাপেক্ষে ছাড়পত্র প্রদান করতে হবে। তবে এক্ষেত্রে ক্রমিক নং ১ এ বর্ণিত কর্মকর্তা বাধ্যতামূলকভাবে আগামী ১৮/০৯/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত দলিলাদি হালনাগাদপূর্বক সংশ্লিষ্ট হিসাব সহকারী'র নিকট দায়িত্ব বুঝিয়ে দিয়ে ছাড়পত্র গ্রহণ করবেন। অন্যথায় ১৯/০৯/২০২১ খ্রিঃ তারিখ হতে স্বয়ংক্রিয়ভাবে ছাড়পত্র প্রাপ্য হিসেবে গণ্য হবেন।

৩। ক্রমিক নং ১ এ বর্ণিত কর্মকর্তা বদলিকৃত কর্মস্থলে যোগদানপূর্বক দায়িত্ব বুঝে নেয়ার পর ক্রমিক নং ২ এ বর্ণিত কর্মকর্তা বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য ছাড়পত্র প্রাপ্য হবেন।

৪। ক্রমিক নং ১ এ বর্ণিত কর্মকর্তার বিরুদ্ধে হস্তমজুদ/আত্মসাত সংক্রান্ত অভিযোগ থাকায় এবং তিনি বিষয়টি লিখিতভাবে স্বীকার করায় প্রাথমিক পদক্ষেপ হিসেবে শাস্তিমূলক বদলি করা হলো।

৫। উল্লেখ্য, বর্ণিত কর্মকর্তাদের বর্তমান কর্মস্থলে বেতনভাতা খাতে কোন অর্থ উদ্বৃত্ত থাকলে তা বদলিকৃত কর্মস্থলে তাদের বেতনভাতার অর্জিত তহবিল হিসেবে স্থানান্তরযোগ্য হবে।

কর্মসূচি'র স্বার্থে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.১৩৯.১৩- ৮৭৯


তারিখঃ ০৬/০৯/২০২১ খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. জনাব মোঃ শফিকুল ইসলাম, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি উপজেলাঃ কালিগঞ্জ, জেলাঃ সাতক্ষীরা।
২. জনাব মোঃ আল মামুন, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি উপজেলাঃ মঠবাড়িয়া, জেলাঃ পিরোজপুর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কালিগঞ্জ/মঠবাড়িয়া, জেলাঃ সাতক্ষীরা/পিরোজপুর।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ সাতক্ষীরা/পিরোজপুর।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক